উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ (৪৭তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ১৩ অক্টোবর, ২০২২, সময়: বেলা ১২.৪৫ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:</u><br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | <u>স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u><br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | <u>নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:</u> | - - - | সংশ্লিষ্ট সংস্থা প্রধান |
| | | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন <u>এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:</u>**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: ( সেপ্টে-অক্টো:/২২):**<br>-সেপ্টে:/২০২২ মাসের আপ্যায়ন বিল বাবদ-৩০,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল সংস্কার কাজের বিল বাবদ ঠিকাদার মোঃ আবুল কালাম আজাদ, বালিয়াকান্দিকে পরিশোধ - ৫,৯৫,৪৭০/- টাকা<br>-শারদীয় দূর্গাপূজা উৎসবভাতা /২০২২ বাবদ পরিচ্ছন্নকর্মী সুবল কুমার দাসকে পরিশোধ-১৬,৫০০/- টাকা<br>- উপজেলা পরিষদের সভাকক্ষে ২টি এসি খোলা ও ফিটিং এবং টুকিটাকি বিল বাবদ পরিশোধ-১৪,৪৪৯/- টাকা<br>- উপজেলা পরিষদের জীপগাড়ীর জুলাই হতে সেপ্টে:/২২ পর্যন্ত ০৩ মাসের জ্বালানী তেল, মবেল, অকটেন ইত্যাদির বিল উত্তোলন বাবদ পরিশোধ-৮০,১৬১/- টাকা<br>-আগস্ট/২০২২ মাসের ইন্টারনেট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>-আগস্ট/২০২২ মাসের আনুষংগিক বিল পরিশোধ-৫,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের আগস্ট/২২ মাসের ৬টি বিদ্যুৎ বিল পরিশোধ-৩৪,৪২১/- টাকা<br>- অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ বাবদ ০৭ জন ব্যক্তিকে চেক প্রদান বাবদ-১৪,০০০/-<br>-চত্ত্বরে ঘাসকাটা মেশিনের তেল, মবিল ও তালা ক্রয়ের বিল-৩০০০/-টা.<br>- ভাইস চেয়ারম্যানের সেপ্টে:/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানের সেপ্টে:/২০২২ মাসের সম্মানীভাতা -২৭,০০০/-টাকা<br>-মালীর সেপ্টে:/২২ মাসের মজুরী বাবদ- ১৩,৭৫০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর সেপ্টে:/২২ মাসের মজুরী বাবদ- ১৩,২০০/- টাকা<br>-পাম্প চালানো বাবদ সেপ্টে:/২২ মাসের ভাতা প্রদান-৬,০০০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের <u>তালিকা</u> (সেপ্টে:/২২-অক্টো:/২২):**<br>- বনগ্রাম পাকা রাস্তা হরত বনগ্রাম স:প্রা:বিদ্যা: পর্যন্ত ও বনগ্রাম পাকা রাস্তা হতে আবুল হোসেন এর বাড়ী পর্যন্ত ফ্লাট সলিং দ্বারা রাস্তা নির্মাণ কাজের বিল বাবদ প্রকল্প সভাপতি মোঃ আকরাম হোসেন, নবাবপুর ইউপি সদস্যকে পরিশোধ-১,৮৭,০৯০/- টাকা<br>-পুষআমলা বেরীবাঁধ ভাংগা অংশ এইচবিবি দ্বারা উন্নয়ন প্রকল্পের বিল-৫,৯৬,৬০২/- টাকা<br>-উপজেলার বিভিন্ন স্থানে টিউবওয়েল স্থাপন (প্রকল্প-২) কাজের ১ম ও চূড়ান্ত বিল বারদ-২,০০,০০০/- টাকা<br>-বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দরজা ও বেড সংস্কার, বেড সরবরাহ ও গ্রীল নির্মাণ কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ-১,৯৯,৭৯৫/- টাকা<br>-উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে নলকূপ স্থাপনের সহায়ক অর্থ প্রকল্পের বিল -১,৮০,০০০/- | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন পরিচালন, এডিপি ও হাট-বাজার খাতসমূহের ব্যয়কৃত অর্থের বিপরীতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা<br>-চর পোটরা হতে বন্যা তৈল ফ্লাট সলিং দ্বারা রাস্তা সংস্কার (প্রকল্প- ২) -২,০০,০০০/-টাকা<br>- বন্যাতৈল চরপোটরা ফ্লাট সলিং রাস্তা সংস্কার কাজের বিল-২,০০,০০০/- টাকা<br>-উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফ্যান সরবরাহ (প্রকল্প-২) -২,০০,০০০/- টাকা<br>- উপজেলার খামারীদের মধ্যে স্প্রে মেশিন সরবরাহ প্রকল্পের বিল বাবদ-২,০০,০০০/-টাকা<br>-দক্ষিণবাড়ী বলদাখাল পাকা রাস্তা হতে বাগমারা রাস্তা পর্যন্ত রাস্তার অসমাপ্ত অংশ ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের বিল-৫,৯৮,৫৬০/- টাকা<br>-উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ , আলমারী ও আসবাবপত্র সরবরাহ প্রকল্পের বিল পরিশোধ-২৫,৯৮,০০০/- টাকা<br>-উপজেলার মুক্তিযোদ্ধাদের নামফলক নির্মাণ কাজের বিল পরিশোধ-৫,৯৯,৫৪৩/- টাকা<br><br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে <u>পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা</u> (আগস্ট/২২- সেপ্টে:/২২):**<br>- মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ এর অগ্রীম বিল-১,২৩,০০০/-টাকা<br>-ইলেকট্রনিক হাউজ ওয়ারিং বিষয়ক প্রশিক্ষণের অগ্রীম বিল-১২৬,০০০/- টাকা<br>- গবাদিপশু ও হাঁস মুরগির সুষম খাদ্য ও এএমআর সচেতনতার মাধ্যমে টেকসই খামার ব্যবস্থাপক বিষয়ক প্রশিক্ষণ এর অগ্রীম বিল বাবদ-১,২৬,০০০/- টাকা<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের <u>তালিকা</u> ( সেপ্টে:/২২-অক্টো:/২২):**<br>-বালিয়াকান্দি মহাশ্মশান এর মধ্যে সিসি দ্বারা রাস্তা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল - ১,৩৫,৭১২/- টাকা<br>-গোবিন্দপুর পাকা রাস্তা হতে জাটকেমারা বিল পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজ এর ১ম ও চূড়ান্ত বিল-৫,৯৭,২৯৯/- টাকা.<br>-সমাধিনগর আর্যসংঘ বিদ্যামন্দির মাধ্যমিক বিদ্যালয় দ্বিতল ভবনের সিড়ির ছাউনী নির্মাণ কাজের ১ম ও চূড়ান্ত বিল- ১,৯৯,৮৪১/- টাকা<br>-কামারদাহ সামছুরবাড়ী সোনাপুর কড়ইতলা রাস্তার অসমাপ্ত অংশ ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান- ৫,৯৮,০২১/- টাকা<br>**(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের <u>তালিকা</u> (আগস্ট/২২- সেপ্টে:/২২):**<br>-বাংলা ১৪২৮ সনের শালমারা হাটের ৫% জামানত ফেরত-২,০০০/- টাকা | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মাতৃত্বকালীন ভাতার পুরনো তালিকার মধ্যে বেশ কিছু টাকা জমা রয়েছে। তাদের তালিকা চিহ্নিত করে প্রতিবেদন প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া ইউনিয়ন পর্যায়ে ইউডিসিসি'র সভা করার জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে গুরুত্বারোপ করেন। । এ পর্যায়ে তিনি দপ্তরভিত্তিক পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনার মাধ্যমে প্রত্যেকটি বিভাগের বিভিন্ন সমস্যাদির উপর আলোকপাত করেন। | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয় । | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, উপজেলা হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম ও সেবা সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালিত হচ্ছে। ১১ই অক্টোবর থেকে শুরু হয়েছে (৫-১১) বছর বয়সী শিশুদের কোভিড ভ্যাক্সিন প্রদান করা হচ্ছে । বালিয়াকান্দি উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় ও উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী যাদের বয়স (৫-১১) বছর তাদেরকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মাইক্রো প্লাণের মাধ্যমে কমিউনিটি ক্লিনিক ও বিদ্যালয়গুলোতে টিকা কেন্দ্রের মাধ্যমে টিকা প্রদান করা হচ্ছে । ১৩ দিন ব্যাপী এই টিকাদান প্রক্রিয়া চলমান থাকবে। মেডিকেল টিম ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সার্বক্ষনিকভাবে এই সেবা কার্যক্রম তদারকি ও পরিচালনা করছে। এছাড়া হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চালু আছে। | স্বাস্থ্যসেবাসহ টিকা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান অত্র দপ্তরে সেপ্টেম্বর/২২ মাসে ১৬৫১৫টি হাঁস-মুরগী এবং ১৫৯৮টি গবাদিপশুর চিকিৎসা প্রদান হয়। ১৭১৬ টি গবাদিপশু ও ২১৫০০টি হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়। ১০৫০ টি গবাদিপশুকে কৃত্রিম প্রজনন করা হয়। ০১টি গবাদিপশুর ডিজিজ সার্ভিলেন্সসহ ৫টি নমুনা রোগ অনুসন্ধানের জন্য গবেষণাগারি প্রেরণ করা হয়। ৭টি খামার পরিদর্শন ও ১টি খামার রেজেস্ট্রেশন করা হয় । ১টি ফ্রি | মাঠ পর্যায়ে হাঁস-মুরগীর টিকা প্রদান, গবাদিপশুর চিকিৎসা সেবা, গবাদিপশুর প্রজনন ইত্যাদি বিষয়ে যথার্থ সেবা প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মেডিকেল ক্যাম্পসহ ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয় । বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | অনুরোধ করা হয়। | |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি আমন মৌসুমে বালিয়াকান্দি উপজেলায় ১৩৪৪০ হেক্টর জমিতে আমন ধানের আবাদ হয়েছে। উক্ত ধানসহ অন্যান্য ফসলের জন্য সুষম সার ব্যবহার নিশ্চিত করতে বিভিন্ন সারের ডিলারের নিকট প্রয়োজনীয় বরাদ্দকৃত সারের মজুদ আছে। এছাড়া উপজেলাধীন সংশ্লিষ্ট কৃষি অফিসার কর্তৃক নিয়মিত বিসিআইসি সার ডিলার, খুচরা বিক্রয় প্রতিনিধির দোকান পরিদর্শন তথা মনিটরিং করা হচ্ছে। তিনি আরো জানান যে, সার সরবরাহ নীতিমালা ২০০৯ এর আলোকে প্রতি ইউনিয়নে ৭-৯ জন খুচরা বিক্রয় প্রতিনিধি থাকার কথা সে মোতাবেক বালিয়াকান্দি উপজেলায় ৭টি ইউনিয়নে মোট ৬৩ জন খুচরা বিক্রয় প্রতিনিধি থাকার কথা কিন্তু বালিয়াকান্দি ইউনিয়নে ১টি খুচরা বিক্রয় প্রতিনিধির পদ খালি রয়েছে। উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, উন্নয়ন সহায়তার আওতায় ৫০% ভর্তুকি মূল্যে বালিয়াকান্দি উপজেলায় ১০টি পাওয়ার টিলার চালিত সিডার, ৩টি পাওয়ার স্প্রেয়ার, ২টি বেড প্লান্টার, ২টি ভুট্টা মাড়াই যন্ত্র প্রদানের জন্য প্রকল্প অফিস হতে অনুমোদন দেওয়া হয়েছে। শীঘ্রই সংশ্লিষ্ট কৃষকদের মধ্যে যন্ত্রগুলো বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রান্তিক পর্যায়ে সার প্রাপ্যতা নিশ্চিত করার লক্ষ্যে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২২ শুরু হচ্ছে ৭ অক্টোবর হতে ২৮ অক্টোবর পর্যন্ত ২২ দিন ব্যাপী । এ সময় যে কোন সাইজের ইলিশ মাছ ধরা, মারা, বিক্রয়, বিনিময় বন্ধ থাকবে। এ বিষয়ে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। দাপ্তরিক ন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২২ এর অভিক্ষ লক্ষমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, চলতি সেপ্টেম্বর/২২ মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৫,৬৭৪ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৪,১২৯ জন এবং গ্রহণকারীর হার ৭৪.৭২%। স্থায়ী পদ্ধতি পুরুষের সংখ্যা- ০০জন, স্থায়ী পদ্ধতি মহিলার সংখ্যা-১১জন, আইইউডি-০৭ জন, ইমপ্লান্ট-৫৫ জন, নবদম্পতির সংখ্যা-২৯ জন। নরমাল ডেলিভারী সংখ্যা-১০ জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব পারমিস সুলতানা জানান যে, তিনি এ উপজেলায় গত ১০/১০/২০২২ খ্রি. তারিখে যোগদান করেছেন। সকলের সহযোগিতা কামনা করেন। প্রসংগক্রমে তিনি জানান শেখ রাসেল দিবস,২০২২ পালনের লক্ষ্যে প্রতিটি স্কুলে পরিদর্শন করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | শিক্ষা কার্যক্রমকে গতিশীল আনয়নের লক্ষ্যে সকল ভূমিকা পালনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় এবং এ বিষয়ে উপজেলা পর্যায়ের সকল দপ্তর হতে সহযোগিতা প্রদানের জন্য আশ্বাস প্রদান করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি খাতে ১ম কিস্তিতে ১৫.৫২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতোমধ্যে এডিপি'র বরাদ্দকৃত উক্ত অর্থ হতে ১৫,৩০,৮৭৩/- (পনের লক্ষ ত্রিশ হাজার আটশত তিয়াত্তর) টাকা দ্বারা ৪টি প্রকল্প, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ১,৫০,৩৫,৮৯৫/- টাকা দ্বারা ৩৯টি প্রকল্পের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। এছাড়া রাজস্ব তহবিল ও অন্যান্য খাত হতে গৃহীত প্রকল্পের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br>২। এ পর্যায়ে তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ চত্বরে '২১ শের চেতনা মুক্তিযুদ্ধের স্মৃতি চিত্রের বেদিতে রেলিং নির্মাণ' করা খুবই জরুরী হয়ে | বিশেষ তদারকির মাধ্যমে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২। বালিয়াকান্দি উপজেলা পরিষদ চত্বরে '২১শের চেতনা মুক্তিযুদ্ধের স্মৃতি চিত্রের বেদিতে রেলিং নির্মাণ' করার | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পড়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ছুটিতে থাকায় উক্ত দপ্তর নিয়ে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা পরিলক্ষিত হচ্ছে না | কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর নিয়ে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো না। তবে এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মাতৃত্বকালীন ভাতার পুরনো তালিকার মধ্যে বেশ কিছু টাকা জমা রয়েছে। তাদের তালিকা চিহ্নিত করে প্রতিবেদন প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | অবিতরণকৃত অর্থের বিপরীতে পুরাতন ভাতাভোগীদের (মাতৃত্বকালীন ভাতা) তালিকা সংক্রান্ত প্রতিবেদন প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি, সমবায় বিভাগীয় ৮৩টি প্রাথমিক সমিতি এবং কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ বিভাগের আওতাভুক্ত ১০০টি প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। যার বার্ষিক অডিট, পরিদর্শন, তদন্ত ও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পভুক্ত একটি সমবায় সমিতি রয়েছে। যেখানে সদস্যদের মধ্যে ২৭,৯০,০০০/- টাকা ক্রমপুঞ্জিভূত সরকারি ঋণ প্রদান করা হয়েছে। | সমিতির কার্যপরিধি এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, আগামী ১ লা নভেম্বর জাতীয় যুবদিবস পালিত হবে। এছাড়া কম্পিউটার ভ্যানে নভে:/২২ ও ডিসে:/২২ মাস ব্যাপী ভ্রাম্যমান কম্পিউটার ও নেটওয়াকিং প্রশিক্ষণ শুরু হবে। এছাড়া ঋণ কার্যক্রমের আওতায় ৯৯.৭৫% ক্রমপুঞ্জিভুত আদায় হয়েছে। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ভ্রাম্যমান কম্পিউটার ও নেটওয়াকিং প্রশিক্ষণ ফলপ্রসু করার লক্ষ্যে যথার্থ পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বন বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। বালিয়াকান্দি উপজেলায় অবৈধ করাতকলের বিরুদ্ধে মোবাইলকোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন এবং অনুরোধ করেন। তিনি আরো জানান যে, অবৈধ করাতকলের বিরুদ্ধে পিওআর মামলা দায়ের করায় উদ্ধর্তন কর্তৃপক্ষের একাধিক তাগিদ রয়েছে। পিওআর মামলা দায়ের প্রক্রিয়াধীন রয়েছে। সেগুলো দ্রুত লাইসেন্সের আওতায় আনয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অবৈধ করাতকলের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্তে মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এর আওতায় ৩৪,৬৫,৪২৮/৪৫টাকা ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এর আওতায় বরাদ্দকৃত টাকার পরিমান ৪৪,৬১,৭৫৯/৫৬ টাকা এবং বরাদ্দকৃত চাউল২৯.৭৪৫৪ মে.টন ও বরাদ্দকৃত গমের পরিমান ২৯.৭৪৫৪ মে.টন। উক্ত বরাদ্দসমূহ দ্বারা অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিক ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ১৮২ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ এখনো বিভাজন করা হয়নি। তিনি আরো জানান যে, ১০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ এবং ১৮টি কমিউনিটি নলকূপের কাজ চলমান রয়েছে। এছাড়া সকল প্রকার কাজ সুন্দর ও সুষ্ঠভাবে চলমান রয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে সম্পন্নের জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)) | ০১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর জানান যে, সমাধিনগর মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক ভবনের দ্বিতল সম্প্রসারণ কাজ, স্বাস্থ্য কমপ্লেক্সের সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম, স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ওয়াপদা সোলার লাইটের স্থাপন কাজ, মনসুর আলী কলেজের আরসিসি রাস্তার কাজ সমাপ্ত হওয়ায় পিএমইউতে প্রেরণ করা হয়েছে।<br>০২। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর আরো জানান যে, যুবকদের বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ শুরু হয়েছে এবং আগামী সাপ্তাহে আরো দুইটি প্রশিক্ষণ শুরু হবে। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত প্রকল্পসমূহ এবং প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর |
| ২০ | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান আগস্ট/২০২২ মাসে তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর, তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে ৪৮০ জন নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদন ও তথ্যপ্রযুক্ত ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২১ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী জানান যে, উপজেলা পরিষদের ১৭টি কমিটির কার্যক্রম অনেক পিছিয়ে রয়েছে। এ সকল কমিটির রেজুলেশন প্রতিনিয়ত ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। সংশ্লিষ্ট কাজের ভিত্তিতে অনলাইনে মূল্যায়ন করা হবে। বিধায় সংশ্লিষ্ট কমিটিগুলোর বিপরীতে আগামী ০১ সাপ্তাহের মধ্যে অন্তত: ০৩টি করে সভার রেজুলেশন প্রদানের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী ০১ সাপ্তাহের মধ্যে ১৭টি কমিটির অন্তত: ০৩টি করে রেজুলেশন দাখিলের জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে অনুরোধ করা হয়। | ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১০/২২

মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪- ২০৮ (৩২)

তারিখ: ১৩ অক্টোবর ২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা ......................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান .....................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

১৩/১০/২২

আম্বিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা:মোহাম্মদ নাছির উদ্দিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডাঃ মোহাম্মদ হক | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ জাহিদুজ্জামান এর পক্ষে | জনাব মর্জিনা খাতুন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব খন্দকার রাহাত ফেরদৌস | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মর্জিনা বেগম | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব পারমিস সুলতানা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ আজিজুল হক | বন কর্মকর্তা, বালিয়াকান্দি | স্বাক্ষরিত |
| ২১ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব নাজিউর রহমান | ইউডিএপ, ইউডিজিপি | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ০২ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |